আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫৫ প্রকাশকাল: ১৪ ই জুলাই ,২০২০ ইংরেজি

চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগে কি চাকরি ছাড়া যাবে?

প্রশ্ন:

কোনো চাকরি নেয়ার সময় যদি নির্দিষ্ট মেয়াদে চুক্তিবদ্ধ হই, তাহলে চুক্তি শেষ হওয়ার আগে কি আমি ওই চাকরিটা ছেড়ে দিতে পারব? কারণ, চাকরিটা অনেক কষ্টকর। মাসআলাটি জানালে উপকৃত হব।

প্রশ্নকারী- সুমন

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده. اما بعد:

কোনো কাজে চুক্তিবদ্ধ হলে, সেই চুক্তি পূরণ করা জরুরি।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَوْفُوا بِالْعُقُودِ. (سورة المائدة: 1)

‘হে ঈমানদারেরা! তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর।’ –সুরা মায়েদা (৫): ১

অন্য আয়াতে এসেছে-

وَأَوْفُوا بِالْعَهْدِ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُولًا. (سورة الاسراء: 34)

‘তোমরা অঙ্গীকার পূর্ণ কর। নিশ্চয় অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।’ -সুরা ইসরা (১৭) : ৩৪

হাদীসে এসেছে,

المسلمون على شروطهم، إلا شرطا حرم حلالا، أو أحل حراما. رواه الترمذي: 1352 وقال: هذا حديث حسن صحيح.

‘হালালকে হারাম বা হারামকে হালাল সাব্যস্ত করে, এমন শর্ত ব্যতীত সকল শর্ত পূরণ করা মুসলিমদের কর্তব্য।’ –জামে তিরমিজি: ১৩৫২

উক্ত আয়াত ও হাদীসগুলো স্পষ্ট যে, মুসলিমরা পরস্পরে বৈধ কোনো চুক্তিতে আবদ্ধ হলে, উভয় পক্ষের জন্যই তা পূরণ করা জরুরি। সুতরাং স্বাভাবিক অবস্থায় আপনার জন্য মেয়াদ শেষ হওয়ার আগে মালিক পক্ষের সম্মতি ব্যতীত চাকরি ছাড়া জায়েয হবে না। ছাড়তে হলে তাদের সম্মতি লাগবে অথবা তাদের সঙ্গে সমঝোতা করতে হবে।

তবে চাকরির কাজ যদি এত বেশি কষ্টকর হয় যে, এ কারণে আপনার রোগাক্রান্ত হয়ে পড়ার বা কোনো অঙ্গ অকেজো হয়ে পড়ার আশংকা হয়, তাহলে আপনি মেয়াদ শেষ হওয়ার আগে এবং তাদের সম্মতি ব্যতীতই উক্ত চাকরি ছেড়ে দিতে পারবেন। -আলহিদায়াহ, দারু ইহইয়াইত তুরাসিল আরাবি: ৩/২৪৭, আলমুহিতুল বুরহানি, দারুল কুতুবিল ইলমিয়্যাহ: ৪/২০১, রদ্দুল মুহতার: ৪/৮১, আলবাহরুর রায়েক,

দারুল কিতাবিল ইসলামী: ৮/৪২, আলহিন্দিয়্যাহ, দারুল ফিকর: ৪/৪৫৮

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২০-১১-৪১ হি.

১২-০৭-২০ ইং